



১৯ জন নিহতের ঘটনায় নেপালের স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ



সংগৃহীত ছবি

জেন জেড আন্দোলনে পুলিশের গুলিতে ১৯ জন নিহত ও শতাধিক আহত হওয়ার পর নৈতিক দায় স্বীকার করে পদত্যাগ করলেন নেপালের স্বরাষ্ট্রমন্ত্রী রমেশ লেখক। রাজনৈতিক চাপ ও দলের অভ্যন্তরীণ দাবি তার সিদ্ধান্তকে ত্বরান্বিত করেছে।

নেপালের স্বরাষ্ট্রমন্ত্রী রমেশ লেখক দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন। সোমবার (৮ সেপ্টেম্বর) সন্ধ্যায় প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন বালুওয়াতারে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে তিনি প্রধানমন্ত্রী কেপি শর্মা অলির কাছে পদত্যাগপত্র জমা দেন। মন্ত্রিসভার এক সদস্যের ভাষ্যমতে, আন্দোলনে প্রাণহানির ঘটনার পর তিনি নৈতিকতার দায় নিয়ে এই সিদ্ধান্ত নেন। নিহতদের মধ্যে রাজধানী কাঠমান্ডুতে ১৭ জন ও ইটাহারিতে ২ জন রয়েছেন। এ ছাড়া চার শতাধিক মানুষ আহত হন।

দিনের শুরুতে নেপালি কংগ্রেসের সাধারণ সম্পাদক গগন থাপা ও বিশ্ব প্রকাশ শর্মা দলীয় কার্যালয়ে বৈঠকে লেখকের পদত্যাগ দাবি করেন। যদিও কংগ্রেস সভাপতি শের বাহাদুর দেউবা বিষয়টি নিয়ে সরাসরি কোনো মন্তব্য করেননি, লেখক সেখানেই জানান যে তিনি দায়িত্ব ছাড়তে প্রস্তুত। এরপর তিনি মন্ত্রিসভার বৈঠকে গিয়ে আনুষ্ঠানিকভাবে পদত্যাগপত্র জমা দেন। উল্লেখ্য, ২০২৪ সালের ১৫ জুলাই তিনি স্বরাষ্ট্রমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেছিলেন।

এর আগে তরুণ প্রজন্মের নেতৃত্বে শুরু হওয়া জেন জেড আন্দোলন নেপালের বিভিন্ন শহরে বিক্ষোভে রূপ নেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে গিয়ে পুলিশ গুলি চালায়, ফলে হতাহতের ঘটনা ঘটে। এই ঘটনার পর সরকারের ওপর ব্যাপক চাপ সৃষ্টি হয় এবং রাজনৈতিক অঙ্গনে নতুন করে বিতর্ক দেখা দেয়।